বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

জয় পাহাড় এস্টেট, সার্সন রোড, চকবাজার
চট্টগ্রাম-৪২০৩

স্মারক নং- ২৮.০৩.০০০০.০০০.০৪৫.০১.০০০২.২৬/৯৭৭

তারিখঃ ১২ই আশ্বিন, ১৪৩৩ / ২৭ সেপ্টেম্বর ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: Direct Procurement Method (DPM) পদ্ধতিতে জ্বালানি তেল সরবরাহের প্রস্তাব দাখিল সংক্রান্ত।

বৈশ্বিক যুদ্ধ পরিস্থিতির প্রেক্ষাপটে জ্বালানি তেল সরবরাহ ব্যবস্থায় সম্ভাব্য বিরূপ প্রভাব মোকাবিলায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) দেশের জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে Direct Procurement Method (DPM) পদ্ধতিতে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠানের জ্বালানি তেল সরবরাহের প্রস্তাব গ্রহণ করে।

বর্তমানে জ্বালানি তেল সরবরাহ পরিস্থিতি বিবেচনায় বিপিসির প্রচলিত ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে জ্বালানি তেলের নিরবচ্ছিন্ন সরবরাহ বজায় থাকায় DPM পদ্ধতিতে জ্বালানি তেল ক্রয়ের উপযোগিতা হ্রাস পেয়েছে।

এমতাবস্থায়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত DPM পদ্ধতিতে জ্বালানি তেল সরবরাহের প্রস্তাব দাখিল না করার জন্য সংশ্লিষ্ট সকল সরবরাহকারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে।

(মোহাম্মদ জাহিদ হোসাইন)
মহাব্যবস্থাপক-বাণিজ্য ও অপারেশন
বিপিসি
ফোন নং: ০২৩৩৩৩১২৬৭৪